

“নেই পাশে কেউ যার,  
সমাজসেবা আছে তার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
শ্যামনগর, সাতক্ষীরা।

[www.dss.shyamnagar.satkhira.gov.bd](http://www.dss.shyamnagar.satkhira.gov.bd)

**প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোছাঃ রনী খাতুন  
উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।  
সভার স্থান : উপজেলা পরিষদ হল রুম (নেতুন ভবন), শ্যামনগর, সাতক্ষীরা।  
সভার তারিখ ও সময় : ০১/০১/২০২৫ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা  
সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের স্বাক্ষরিত তালিকা পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ।

**আলোচ্যসূচীঃ-**

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। শ্যামনগর উপজেলার ০১/০৭/২০২৪খ্রিঃ হতে ৩১/১২/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত শনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড চূড়ান্ত অনুমোদন সংক্রান্ত আলোচনা।
- ৩। বিবিধ।

সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিবকে সভার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। সদস্য সচিব সভার আলোচ্য সূচী সভায় পাঠ করে শুনান।

**আলোচ্য বিষয়-০১: গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসংক্ষেপে**

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পঠিত কার্যক্রমের উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

**আলোচ্য সূচী-০২: জরিপকৃত প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড চূড়ান্ত অনুমোদন সংক্রান্ত আলোচনা।**

সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অধিদপ্তরাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা কর্তৃক প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচির আওতায় ০১/০৭/২০২৪খ্রিঃ হতে ৩১/১২/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরি প্রশিক্ষক কর্তৃক জরিপকৃত, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রত্যায়িত প্রতিবন্ধী ব্যক্তিদের অনলাইন ডাটা বেইজ Disability Information System ([www.dis.gov.bd](http://www.dis.gov.bd)) (DIS) এ সন্নিবেশিত ৫১৬ (পাঁচশত ষোল) জন প্রতিবন্ধী ব্যক্তির পরিচয় পত্র বা সুবর্ণ নাগরিক কার্ড প্রস্তুত করা হয়েছে।

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ ও প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা, ২০১৫ মোতাবেক ডাক্তার কর্তৃক শনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তির তথ্যসমূহ যথাযথভাবে যাচাইপূর্বক উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশক্রমে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার মহোদয় কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তির পরিচয় পত্র বা সুবর্ণ নাগরিক কার্ড ইস্যু করার বিধান রয়েছে।

এমতাবস্থায়, শ্যামনগর উপজেলার ১১ টি ইউনিয়ন ও একটি পৌরসভার ০১/০৭/২০২৪খ্রিঃ হতে ৩১/১২/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত জরিপকৃত, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রত্যায়িত ও শনাক্তকৃত নিম্নোক্ত ৫১৬ (পাঁচশত ষোল) জন প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড চূড়ান্ত অনুমোদন প্রয়োজন।

ইউনিয়ন অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের তালিকা নিম্নরূপঃ

ক্রঃ নং	উপজেলা	ইউনিয়ন	প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫
০১	শ্যামনগর	ভুরুলিয়া ইউনিয়ন	৩৯	
০২	”	কাশিমাড়ী ইউনিয়ন	২৭	
০৩	”	শ্যামনগর পৌরসভা	৫৩	
০৪	”	নূরনগর ইউনিয়ন	২৭	
০৫	”	কৈখালী ইউনিয়ন	৫১	
০৬	”	রমজাননগর ইউনিয়ন	৩১	
০৭	”	মুন্সিগঞ্জ ইউনিয়ন	৩৪	





পাতা-১/২

০৮	”	ঈশ্বরীপুর ইউনিয়ন	৪৮	
০৯	”	বুড়িশোয়ালিনী ইউনিয়ন	৬৮	
১০	”	আটুলিয়া ইউনিয়ন	৭০	
১১	”	পদ্মপুকুর ইউনিয়ন	২৮	
১২	”	গাবুরা ইউনিয়ন	৪০	

মোট= ৫১৬ (পাঁচশত ষোল) জন।

সিদ্ধান্তঃ সভার সকল সদস্যের সর্বসম্মতিক্রমে সংশ্লিষ্ট ইউনিয়নসমূহের উল্লিখিত তালিকা চূড়ান্ত অনুমোদন করা হলো।

শ্যামনগর উপজেলার উপজেলার ১১ টি ইউনিয়ন ও একটি পৌরসভার ০১/০৭/২০২৪খ্রিঃ হতে ৩১/১২/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত শনাক্তকৃত ৫১৬ (পাঁচশত ষোল) জন প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ডের চূড়ান্ত অনুমোদিত তালিকা। **পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য।**

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা।

আলোচ্য সূচী-০৩: বিবিধঃ

মাননীয় প্রধান উপদেষ্টার অন্যতম অগ্রাধিকার কর্মসূচি হলো সামাজিক নিরাপত্তা বেটনী। যার অন্যতম সুফলভোগী হলো প্রতিবন্ধী ব্যক্তি। এই সকল প্রতিবন্ধী ব্যক্তিদের শনাক্তকরণ থেকে শুরু করে ভাতা প্রদান পর্যন্ত যেন তারা কোন ভাবে হয়রানির শিকার না হয় সেজন্য উপজেলা সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মচারীদের এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সংশ্লিষ্ট চিকিৎসককে অধিকতর সচেতন থাকতে অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোছাঃ রনী হাতিম

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি  
শ্যামনগর, সাতক্ষীরা।

স্মারক নং- ৪১.০১.৮৭৮৬.০০০.১৬.১১৯.২১. ০২

তারিখঃ ০১/০১/২০২৫খ্রিঃ

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

- ১। প্রশাসক, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৫। চেয়ারম্যান,..... ইউনিয়ন পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৬। জনাব,.....
- ৭। অফিস নথি।

  
আরিফুর্রহমান

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি  
শ্যামনগর, সাতক্ষীরা।

ফোনঃ +৮৮০২৪৭৭৭৪৩৬৩৩

পাতা-২/২